সংশোধিত, ২২ নভেম্বর ২০২২

সত্যায়ন এবং চিঠিপত্র সংক্রান্ত জরুরী নির্দেশনা

কন্স্যুলার সেকশন, বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুর থেকে মালয়েশিয়ায় অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের বিভিন্ন ধরনের কাগজপত্র যেমন নিকাহনামা, বিবাহ সনদ, আম-মোক্তারনামা, শিক্ষা সনদ, ড্রাইভিং লাইসেন্স, জন্মসনদ,পাসপোর্ট কপি ইত্যাদি সত্যায়িত করা হয়ে থাকে এবং প্রয়োজনীয় কাগজপত্র দাখিল সাপেক্ষে বিভিন্ন ধরনের চিঠিপত্র ইস্যু করা হয় ।

বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুরে সত্যায়িত করার জন্য কাগজপত্র দাখিল করার পূর্বে নিম্নলিখিত তথ্যাবলী তথা নির্দেশাবলী অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ

১। বাংলাদেশ থেকে ইস্যুকৃত সব ধরণের কাগজপত্রাদি নোটারী করতঃ পররাষ্ট্র মন্ত্রণালয়, কন্স্যুলার উইং এবং আইন মন্ত্রণালয় থেকে সত্যায়িত করে সত্যায়িত মূল কপি অত্র মিশনে দাখিল করতে হবে ।একাডেমিক সনদ হলে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান/ সংশ্লিষ্ট বোর্ড/ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, কন্স্যুলার উইং থেকে সত্যায়িত করে সত্যায়িত মূল কপি অত্র মিশনে দাখিল করতে হবে। কোন প্রকার স্ক্যান কপি গ্রহণযোগ্য নয় ।

উল্লেখ্য, বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুর তৃতীয় দেশের ভিসা প্রক্রিয়াকরণের আবেদন সংক্রান্ত কোনো ধরনের নথি অনুমোদন/গ্রহন করে না।

২।**মালয়েশিয়া থেকে ইস্যুকৃত কাগজপত্রাদি পররাষ্ট্র মন্ত্রণালয়, মালয়েশিয়া থেকে সত্যায়িত করে আনতে হবে এবং একাডেমিক সনদ হলে** সংশ্লিষ্ট বোর্ড/ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/শিক্ষা মন্ত্রণালয়, মালয়েশিয়া থেকে সত্যায়িত করে আনতে হবে ।সত্যায়িত মূল কপি দাখিল করতে হবে ।কোন প্রকান স্ক্যান কপি গ্রহণযোগ্য নয় ।

৩। বাংলাদেশ থেকে ইস্যু হয়েছে এ ধরনের **হলফনামা** আইনগতভাবে নোটারি পূর্বক ঢাকার আইন মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত করে দাখিল করিতে হহবে।

৪। মালয়েশিয়া থেকে ইস্যু হয়েছে এ ধরনের **হলফনামা/সংবিধিবদ্ধ ঘোষণাপত্র** মালয়েশিয়ার শপথ কমিশনার এর কাছ থেকে আইনগতভাবে নোটারি পূর্বক মালয়েশিয়া সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়, পুত্রাজায়া কর্তৃক সত্যায়িত করে দাখিল করিতে হহবে।

সত্যায়ন ও চিঠিপত্র সংক্রান্ত আবেদনপত্র সকাল ৯ টা - দুপুর ১ টা পর্যন্ত কাউন্টার নং-২ এ গ্রহন করা হয়। একই দিনে বিকাল ৪ঃ০০ ঘটিকায় বিতরণ করা হয়। তবে, বিতরনের সময় মিশন কর্তৃক পরিবর্তন যোগ্য।

বিঃদ্রঃ বিদ্যমান এবং সময় সময় জারীকৃত সরকারী আদেশ-**নিষেধ** অনুযায়ী দাখিলকৃত সব ধরনের কাগজপত্রাদি যাচাই-বাছাইপূর্বক গ্রহণ অথবা বাতিলের সব ধরণের ক্ষমতা অত্র মিশনের এখতিয়ারভুক্ত।

কন্স্যুলার ফিসঃ

- অনুমোদিত চিঠিপত্র এবং নথি (পাসপোর্ট ব্যতীত) সত্যায়নের জন্য একটি পত্র বা এক সেট কাগজ (তিন পাতার বেশি না) Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে হলুদ বর্ণের জমা স্লিপসহ দাখিল করতে হবে। প্রতিটি পাসপোর্ট এর কপি সত্যায়নের জন্য মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ ব্যাংকে জমা দিতে হবে। নগদ জমা/ব্যাংক ড্রাফ্ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

- শিশুদের জন্মনিবন্ধন সনদের জন্য Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৫.০০ (মালয়েশিয়ান রিঙিত পাঁচ মাত্র) বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭৫০৯৮২৫-এ নগদ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে। নগদ জমা/ব্যাংক ড্রাফ্ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

সত্যায়ন এবং চিঠিপত্রের বিস্তারিত বিবরণঃ

১। ড্রাইভিং লাইসেন্স সত্যায়ন এবং এর স্বপক্ষে পত্র ইস্যু করা প্রসংগেঃ

যেসব কাগজপত্র দাখিল করতে হবেঃ

ক. ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়নের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি নোটারী করে বি.আর.টি.এ. থেকে সত্যায়িত করতে হবে (বি.আর.টি.এ-এর ফিস জমা রশিদ সংগ্রহ করতে হবে) এবং

খ. কন্স্যুলার শাখা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা থেকে সত্যায়িত করে অত্র মিশনে দাখিল করতে হবে । পররাষ্ট্র মন্ত্রণালয়ের ডকুমেন্ট জমা রশিদ সহ অত্র মিশনে দাখিল করতে হবে ।

গ. ০২ কপি ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি/পাসপোটের ফটোকপি এতদ্‌সংগে সংযুক্ত করতে হবে । দাখিলের সময় মূল ড্রাইভিং লাইসেন্স দেখাতে হবে ।

ঘ. কোন প্রকার স্ক্যান/ফটোকপি গ্রহণযোগ্য নয়।

কন্স্যুলার ফিসঃ

- ড্রাইভিং লাইসেন্স এর কপি সত্যয়িত করার জন্য Maybank-এর যে কোন শাখায় আরএম ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে জমা রশিদসহ

দাখিল করতে হবে। নগদ জমা/ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংক ট্রান্সফার গ্রহণযোগ নয় ।

- ড্রাইভিং লাইসেন্স এর স্বপক্ষে পত্র নিতে আগ্রহী হলে Maybank-এর যে কোন মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে জমা রশিদসহ দাখিল করতে হবে। নগদ জমা/ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।
- প্রত্যেক কাগজপত্রের এক সেট অতিরিক্ত অফেরতযোগ্য ফটোকপি ব্যাংক জমা রশিদের সহিত দাখিল করিতে হইবে।

২। পাসপোর্টের সত্যায়ন,তথ্য ও নম্বর সংক্রান্ত পত্রাদি ইস্যু প্রসংগেঃ

যেসব কাগজপত্র দাখিল করতে হবেঃ

ক. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বা সংশ্লিষ্ট ইমিগ্রেশন অফিস কর্তৃক যথোপযুক্ত কারন উলেখপূর্বক চাহিত ফরমায়েশপত্র এতদ্‌সংগে সংযুক্ত করতে হবে নতুবা পাসপোর্ট তথ্য ও নম্বর সংক্রান্ত কোন পত্র ইস্যু করা হবে না ।

খ. ধারাবাহিক মূল পাসপোর্টসমূহ এতদ্‌সংগে দাখিল করতে হবে ।

গ. পাসপোট মালয়েশিয়ায় হারিয়ে গেলে সংশ্লিষ্ট থানা থেকে পুলিশ রিপোট করে মালয়েশিয়াস্থ পররাষ্ট্র মনন্ত্রণালয় থেকে সত্যায়িত করে মিশনের এম আর পি উইং থেকে রেকর্ড সংগ্রহ করে এতদ্‌সংগে দাখিল করতে হবে ।

ঘ. পাসপোর্ট বাংলাদেশে হারিয়ে গেলে বাংলাদেশের সংশ্লিষ্ট থানা থেকে পুলিশ রিপোট করে ঢাকার পররাষ্ট্র এবং আইন মন্ত্রণালয় থেকে সত্যায়িত করে মিশনের এম আর পি উইং থেকে রেকর্ড সংগ্রহ করে এতদ্‌সংগে দাখিল করতে হবে ।

ঙ. প্রত্যেক কাগজপত্রের এক সেট অতিরিক্ত অফেরতযোগ্য ফটোকপি ব্যাংক জমা রশিদের সহিত দাখিল করিতে হইবে।

কন্স্যুলার ফিসঃ

- **প্রতি পাসপোর্টের ফটোকপি সত্যায়নের জন্য Maybank-এর যে কোন শাখায়** মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে। নগদ জমা/ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।
- পাসপোর্টের নম্বর ও তথ্য সংক্রান্ত পত্রের Maybank-এর যে কোন শাখায় আরএম ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে। নগদ জমা/ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

৩। নিকাহনামা/বিবাহ সনদ/তালাকনামা/অবিবাহিত সনদ সত্যায়ন এবং অবিবাহিত সনদ যাচাই পত্র প্রসংগে

যেসব কাগজপত্র দাখিল করতে হবেঃ

- বিবাহ সংক্রান্ত কাগজপত্রাদি (নিকাহ্‌নামা/বিবাহ সনদ) নোটারী করে আইন মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে সত্যায়িত করে মূল কপি এবং ০১ কপি ফটোকপিসহ এতদ্‌সংগে অত্র মিশনে সত্যায়নের জন্য দাখিল করতে হবে । কোন প্রকার স্ক্যান/ফটোকপি গ্রহণযোগ্য নয় ।

কন্স্যুলার ফিসঃ

- বিবাহ সংক্রান্ত কাগজ পত্রের এক সেট (যা তিন পাতার বেশি না) সত্যায়নের জন্য Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে জমা রশিদসহ দাখিল করতে হবে। নগদ জমা/ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

৪। বাংলাদেশী নাগরিক কর্তৃক মালয়েশিয়ান মহিলা/পুরুষ বিবাহের ক্ষেত্রেঃ

- **বাংলাদেশী নাগরিক কর্তৃক মালয়েশিয়ান মহিলা/পুরুষ বিবাহের ক্ষেত্রে বাবা মায়ের সম্মতি (Affidavit) এবং সংশ্লিষ্ট ডি সি অফিস থেকে অবিবাহিত সনদপত্র পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা থেকে সত্যায়িত করে মূল কপি এবং ০১ কপি ফটোকপিসহ এতদ্‌সংগে দাখিল করতে হবে । কোন প্রকার স্ক্যান/ফটোকপি গ্রহণযোগ্য নয়।**
- মূল পাসপোট/পাসপোটের ফটোকপি/ভিসার কপি এতদ্‌সংগে দাখিল করতে হবে ।
- প্রত্যেক কাগজপত্রের এক সেট অতিরিক্ত অফেরতযোগ্য ফটোকপি ব্যাংক জমা রশিদের সহিত দাখিল করিতে হইবে ।
- সরকারি নির্দেশনা মোতাবেক বাংলাদেশ হাই কমিশন, **মালয়েশিয়া,** তালাক ও বহুবিবাহ সংক্রান্ত কোন আম-মোক্তার করার অনুমতি প্রদান করে না। তালাক বা বহুবিবাহ পারিবারিক বিষয় বিধায় সংশ্লিষ্ট সকলকে দেশে গিয়ে আইন মোতাবেক সম্পন্ন করার পরামর্শ দেয়া হলো।

কন্স্যুলার ফিসঃ

- অবিবাহিত সনদ যাচাই সংক্রান্ত পত্রের জন্য Maybank-এর যে কোন শাখায় আরএম ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে। নগদ জমা/ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

৫ । পারিবারিক সম্পর্কীয় পত্র ইস্যূ প্রসংগে ।

যেসব কাগজপত্র দাখিল করতে হবেঃ

- পারিবারিক সম্পর্কীয় পত্রের জন্য নিকাহ্‌নামা/বিবাহ সনদ/ সন্তান এবং বাবা মায়ের সম্পর্কের ক্ষেত্রে সন্তানের জন্মসনদ আইন মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে সত্যায়িত করে অথবা অনলাইন রেকর্ড যাচাই রিপোর্টসহ অত্র মিশনে কন্স্যুলার শাখায় দাখিল করতে হবে ।
- কোন প্রকার স্ক্যান/ফটোকপি গ্রহণযোগ্য নয় ।
- প্রত্যেক কাগজপত্রের এক সেট অতিরিক্ত অফেরতযোগ্য ফটোকপি ব্যাংক জমা রশিদের সহিত দাখিল করিতে হইবে ।
- মূল পাসপোর্ট, ভিসার কপি এবং পাসপোর্টের ১ ছেট ফটোকপি (তথ্য বিবরণী পৃষ্ঠা) এতদ্‌সংগে দাখিল করতে হবে ।

কন্স্যূলার ফিসঃ

- রিলেশনশিপ/ফ্যামিলি লেটার এর জন্য Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে ।
- নগদ /ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

৬ । একাডেমিক সনদ/শিক্ষা সনদ সত্যায়নঃ

যেসব কাগজপত্র দাখিল করতে হবেঃ

- সকল প্রকার একাডেমিক সনদ/শিক্ষা সনদের মূল কপি/ফটোকপি নোটারী করে হবে ।
- একাডেমিক সনদ/সকল শিক্ষা সনদের মূল অথবা ফটোকপি সংশ্লিষ্ট দেশের বোর্ড/বিশ্ববিদ্যালয়/শিক্ষা মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে সত্যায়িত করে আনতে হবে । কোন প্রকার জাল সনদ প্রহনযোগ্য নয় । জাল প্রমানিত হলে মিশন আইনানুগ ব্যাবস্থা নিতে বাধ্য থাকবে ।
- কোন প্রকার স্ক্যান/ফটোকপি গ্রহণযোগ্য নয় ।
- সত্যায়নের সময় মূল সনদ দাখিল করতে হবে । ক্ষেত্র বিশেষে শিক্ষা বোর্ড থেকে অনলাইন তথা যাচাইপূর্বক রেকর্ড প্রিন্টসহ দাখিল করতে হবে ।
- প্রত্যেক কাগজপত্রের এক সেট অতিরিক্ত অফেরতযোগ্য ফটোকপি ব্যাংক জমা রশিদের সহিত দাখিল করিতে হইবে ।

কন্স্যূলার ফিসঃ

- সকল প্রকার একাডেমিক সনদ/শিক্ষা সনদ সত্যায়নের জন্য এক সেট যা (তিন পাতার বেশি নয়) Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে ।

- নগদ/ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

৭ । আম-মোক্তার নামা বা পাওয়ার অব এ্যাটোর্নী সত্যায়ন প্রসংগে ।

যেসব কাগজপত্র দাখিল করতে হবেঃ

- Power of Attorney বা আম-মোক্তারনামা সংশ্লিষ্ট আইনজীবীর মাধ্যমে ১০০ টাকার ষ্ট্যাম্প বা সাদা কাগজে আম-মোক্তারনামা আবেদনকারীর বর্তমান পাসপোর্ট/জাতীয় পরিচয় পত্র মোতাবেক আম-মোক্তার দাতা এবং আম-মোক্তার গ্রহিতার বিস্তারিত বিবরণ, সংশ্লিষ্ট তফশীলে বর্ণিত সম্পত্তি বিবরণ ইত্যাদি উল্লেখপূর্বক দুইজন সাক্ষীর বর্ণনা (মালয়েশিয়া থেকে একজন বাংলাদেশী সাক্ষীর স্বাক্ষর সহ) আম-মোক্তারনামা দাখিল করিতে হইবে ।
- নিজ নামে রেজিস্ট্রিকৃত জমির/প্লটের/সম্পত্তির (সংশ্লিষ্ট ভুমি অফিস থেকে মূল দলিল অথবা সত্যায়িত দলিল, খতিয়ান রেকর্ড, খাজনা রশিদ, নাম জারির কাগজ (মিউটেশন) দাখিল করিতে হইবে।
- উত্তরাধিকারি সুত্রে প্রাপ্ত সম্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ওয়ারিশ নামা, বণ্টন নামা এবং জমির রেকর্ড খতিয়ান এতদসঙ্গে দাখিল করিতে হইবে ।
- দাতা এবং গ্রহিতার উভয়ের ১ কপি ছবি, পাসপোর্ট ফটো কপি এবং জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ সংযোজন প্রয়োজন ।
- তালাক সংক্রান্ত আম-মোক্তারনামা/কাগজপত্র মিশন থেকে সত্যায়িত করা হয় না ।
- প্রত্যেক কাগজপত্রের এক সেট অতিরিক্ত অফেরতযোগ্য ফটোকপি ব্যাংক জমা রশিদের সহিত দাখিল করিতে হইবে ।

কন্স্যুলার ফিসঃ

- আম-মোক্তারনামা সত্যায়নের জন্য এক সেট যা (তিন পাতার জন্য) Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে ।
- নগদ/ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

৮ । পরিচিতিমূলক সনদপত্র ।

যেসব কাগজপত্র দাখিল করতে হবেঃ

- Letter of Introduction বা পরিচিতিমূলক পত্রের জন্য পাসপোর্টের মূল কপি/ফটোকপি, ভিসার কপি এবং সংশ্লিষ্ট কোম্পানী/শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক যথাযথ কারন উল্লেখ পূর্বক ইস্যুকৃত পরিচিতমূলক পত্র (Confirmation Letter) বাংলাদেশ হাইকমিশন বরাবরে দাখিল করতে হবে । উল্লেখ্য, এই মিশন কোনো দেশের ভিজিট ভিসার অনুরোধে কোনো পরিচিতিমূলক সনদপত্র বা LOI জারি করে না।
- পাসপোর্ট এবং অন্যান্য কাগজপত্রের অসামঞ্জস্য তথ্য সংক্রান্ত পত্রের জন্য আবেদনকারীকে যথাযথ কারণ উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদন করিতে হইবে।

- আবেদনের সময় আবেদনকারীকে অবশ্যই পাসপোর্টের মূল কপি দাখিল করতে হবে ।
- প্রত্যেক কাগজপত্রের এক সেট অতিরিক্ত অফেরতযোগ্য ফটোকপি ব্যাংক জমা রশিদের সহিত দাখিল করিতে হইবে ।

কন্স্যূলার ফিসঃ

- Letter of Introduction বা পরিচিতিমূলক পত্রের জন্য Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে ।
- নগদ/ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

৯। শিশুদের জন্ম সনদ প্রাপ্তির ক্ষেত্রেঃ

যেসব কাগজপত্র দাখিল করতে হবেঃ

- শিশুদের জন্ম সনদের জন্য মালয়েশিয়া কর্তৃপক্ষ কর্তৃক জন্ম নিবন্ধন সনদ মালয়েশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে সত্যায়িত করে অনলাইনে আবেদন করে প্রিনট কপির সংগে বাবা মায়ের বিবাহ সনদ/ বাবা-মায়ের বাংলা ও ইংরেজিতে ছাপানো অন-লাইন জন্ম সনদ পাসপোটের কপি, ভিসার কপিসহ অত্র মিশনে দাখিল করতে হবে। বাবা-মায়ের জন্ম সনদ অনলাইনে থাকতে হবে।
- আবেদনকারী সরাসরি এই ওয়েবসাইটে (http://bdris.gov.bd/br/application) গিয়ে (বাংলাদেশ হাইকমিশন কুয়ালালামপুর অপশনে ক্লিক করতে হবে) ব্রাউজ করে আবেদন ফর্ম পুরন করতে হবে। আবেদন ফরম অন লাইন দাখিল হলে প্রিন্ট কপি এতদসঙ্গে দাখিল করতে হবে ।
- সদ্যজাত শিশুর এক কপি ছবিসহ দাখিল করতে হবে।
- বাবা-মায়ের পাসপোর্ট/নিকাহ্‌নামা/বিবাহ সনদ আইন মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে সত্যায়িত করে এতদ্‌সংগে দাখিল করতে হবে ।
- প্রত্যেক কাগজপত্রের এক সেট অতিরিক্ত অফেরতযোগ্য ফটোকপি ব্যাংক জমা রশিদের সহিত দাখিল করিতে হইবে ।

কন্স্যূলার ফিসঃ

- জন্ম সনদ ইস্যূ বা প্রাপ্তির জন্য Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৫.০০ (পাঁচ রিঙ্গিত মাত্র) বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭৫০৯৮২৫-এ নগদ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে।
- নগদ/ব্যাংক ড্রাফ্‌ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

১০। পুলিশ ভেরিফিকেশন সার্টিফিকেট

যে সব কাগজপত্র দাখিল করতে হবেঃ

বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুর কর্তৃক কোন পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান করা হয় না । মিশন শুধুমাত্র আবেদনকারীর পাসপোর্টের ফটোকপি সত্যায়িত করে থাকে এবং বাংলদেশ থেকে পুলিশ ভেরিফিকেশন সার্টিফিকেট আনয়নের জন্য আবেদনকারী যাহাকে অনুমতি প্রদান করবেন সেই অনুমতিপত্র সত্যায়িত করে থাকে ।

কন্স্যূলার ফিসঃ

- পাসপোটের ফটোকপি সত্যায়ন এবং অথরাইজেশন লেটার সত্যায়নের জন্য Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে ।
- নগদ/ব্যাংক ড্রাফ্ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।

১১। Transfer of Residence (ট্রান্সফার অব রেসিডেন্স) বা বাসস্থান স্থানান্তর সংক্রান্ত পত্রঃ

যেসব কাগজপত্র দাখিল করতে হবেঃ

Transfer of Residence (ট্রান্সফার অব রেসিডেন্স) বা বাসস্থান স্থানান্তর সংক্রান্ত পত্র প্রাপ্তির জন্য আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক ইস্যূকৃত ছাড়পত্র সহ পাসপোটের ফটোকপি/ভিসার কপি ইত্যাদি দাখিল করিতে হইবে ।

- Transfer of Residence (ট্রান্সফার অব রেসিডেন্স) বা বাসস্থান স্থানান্তর সংক্রান্ত একটি পত্র প্রাপ্তির জন্য আবেদনকারীকে Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে হলুদ বর্ণের জমা রশিদসহ দাখিল করতে হবে ।
- নগদ/ব্যাংক ড্রাফ্ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংকট্রান্সফার গ্রহণযোগ নয় ।
- প্রত্যেক কাগজপত্রের এক সেট অতিরিক্ত অফেরতযোগ্য ফটোকপি ব্যাংক জমা রশিদের সহিত দাখিল করিতে হইবে ।

১২। স্কলারশিপ ফর্ম/আবেদনের অনুমোদন।

যেসব কাগজপত্র দাখিল করতে হবেঃ

মিশনের কনস্যুলার বিভাগ থেকে আপনার বৃত্তি ফর্ম/আবেদন অনুমোদন করতে, আপনাকে অবশ্যই নিম্নলিখিত নথিগুলি অত্র মিশনের কন্সুলার শাখায় জমা দিতে হবে:

- নির্ধারিত অনলাইন বৃত্তি অনুমোদন ফর্ম/আবেদন পূরণ পূর্বক (সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় দ্বারা সরবরাহ করা) জমা দিতে হবে;
- সংশ্লিষ্ট অধ্যাপক/প্রভাষক/তত্ত্বাবধায়ক/অনুষদ প্রধান কর্তৃক সুপারিশপত্র;
- সর্বশেষ পাসপোর্ট এবং ভিসার কপি;

কনস্যুলার ফি:

- বৃত্তি ফর্ম/আবেদন অনুমোদন করতে আবেদনকারীকে Maybank-এর যে কোন শাখায় মালয়েশিয়ান রিঙ্গিত ৪৫.০০ বাংলাদেশ হাইকমিশন হিসাব নং ৫৬৪৪২৭১০২২৬৮-এ জমা দিয়ে **হলুদ বর্ণের জমা রশিদসহ** দাখিল করতে হবে ।
- নগদ/ব্যাংক ড্রাফ্ট/ এটিএম বুথে জমা কিংবা অনলাইন ব্যাংক ট্রান্সফার গ্রহণযোগ নয় ।
- প্রত্যেক কাগজপত্রের এক সেট অতিরিক্ত অফেরতযোগ্য ফটোকপি ব্যাংক জমা রশিদের সহিত দাখিল করিতে হইবে ।

বিঃদ্রঃ বিদ্যমান এবং সময় সময় জারীকৃত সরকারী আদেশ-নিষেধ অনুযায়ী দাখিলকৃত সব ধরনের কাগজপত্রাদি যাচাই-বাছাইপূর্বক গ্রহণ অথবা বাতিলের সব ধরণের ক্ষমতা অত্র মিশনের এখতিয়ারভুক্ত ।

কন্স্যূলার **শাখা**, বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুর